

বাংলা দ্বিতীয় পত্র

১. (ক) বাংলা 'এ' ধ্বনি উচ্চারণের যে কোনো ৫টি নিয়ম লেখ। ৫
অথবা, (খ) যে কোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ :
মসৃণ, অতঃপর, অমূল্য, ঐশ্বর্য, জ্যেষ্ঠ, যজ্ঞ, লক্ষণ, সহ্য।
২. (ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের পাঁচটি নিয়ম লেখ। ৫
অথবা, (খ) যেকোনো ৫টি শব্দের বানান শুদ্ধ কর:
অধ্যায়ন, মূমূর্ষু, শূশ্রুষা, পিপিলীকা, আকাজ্জা, কার্তিক, শান্তনা, ক্ষিপং।
৩. (ক) উদাহরণসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ আলোচনা কর। ৫
অথবা, (খ) নিচের অনুচ্ছেদ থেকে ৫টি বিশেষণ পদ নির্বাচন কর :
প্রতিটি মানুষ স্বভাবতই ধার্মিক। তার আধ্যাত্মিক অস্তিত্বের জন্য এটি অত্যাবশ্যিক। ধর্ম ছাড়া মানুষ বুদ্ধিমান হলেও পশুতে পরিণত হতে পারে। অধার্মিক মানুষ পশুর চেয়েও অধম। কারণ, 'দুর্জন বিদ্বান হলেও পরিত্যাজ্য।'
৪. (ক) 'উপসর্গের অর্থবাচকতা নেই কিন্তু অর্থদ্যোতকতা আছে'—
আলোচনা কর। ৫
অথবা, (খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর: (যে কোনো ৫টি)
অস্থির, অরুণ রাজা, গলাগলি, ছাপোষা, ত্রিলোক, ধর্মঘট, প্রতিবাদ, প্রাণপ্রিয়।
৫. (ক) বাক্য কাকে বলে? গঠন অনুসারে বাক্য কত প্রকার ও কী কী?
(উদাহরণসহ লেখ।) ৫
অথবা, (খ) বাক্যান্তর কর: (যে কোনো ৫টি) .
i. পরিশ্রমী লোকই সাফল্য লাভ করে। (জটিল)
ii. আমরা সম্পূর্ণ নির্দোষ। (নেতিবাচক)
iii. তার সম্বন্ধে জানা দরকার। (প্রশ্নসূচক)
iv. দরিদ্র হলেও তার মন ছোট না। (যৌগিক)
v. সদা সত্য বলা উচিত। (অনুজ্ঞা)
vi. মিথ্যাবাদীকে কেউ পছন্দ করে না। (অস্তিত্ববাচক)
vii. যিনি এইমাত্র এলেন তিনি একজন অধ্যাপক। (সরল)
viii. সে সুস্থ নয়। (অস্তিত্ববাচক)

৬. (ক) যেকোনো ৫টি বাক্য শুদ্ধ করে লেখ:

৫

- i. সব পাখিরা ঘর বাঁধে না।
- ii. তার দৈন্যতা চোখে পড়ার মতো।
- iii. তার কথার মাধুর্যতা নেই।
- iv. শূনেছি আপনি স্বস্ত্রীক ঢাকায় থাকেন।
- v. তিনি মামলায় সাক্ষী দেবেন না।
- vi. ইহার আবশ্যিক নাই।
- vii. আপনার সঙ্গে গোপন পরামর্শ আছে।
- viii. আকর্ষণ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।

অথবা, (খ) অনুচ্ছেদটি শুদ্ধ করে লেখ :

উন্নতশীল বাংলাদেশের এক অসহায় কৃষক সফিক। দারিদ্রতা তার নিত্য সঙ্গী। অহোরাত্রি পরিশ্রম করেও অধীনস্থ সকল সদস্যবৃন্দের মুখে খাদ্য তুলে দিতে সে অক্ষম।

৭. (ক) পারিভাষিক শব্দ লেখ: (যে কোন ১০টি)

১০

Allotment, Booklet, Code, Dynamic, Embargo, Gazette, Honorary, Index, Judgement, Keyword, Legal, Manuscript, Pathology, Urban, Walk-out.

অথবা, (খ) বাংলায় অনুবাদ কর:

A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teachers. A good teacher makes lesson interesting. He discovers the treasure hidden inside each student.

৮. (ক) তোমার কলেজের প্রথম দিনের অভিজ্ঞতা বর্ণনা কর।

১০

অথবা, (খ) শিশু নির্যাতনের কারণ ও প্রতিকার সম্পর্কে প্রধান অতিথির একটি ভাষণ তৈরি কর।

৯. (ক) কোনো প্রতিষ্ঠানে নিয়োগের জন্য আবেদন করে একটি বৈদ্যুতিক চিঠি প্রেরণ কর।

১০

অথবা, (খ) মাদকাসক্তির কুফল জানিয়ে তোমার ছোট ভাইকে একটি পত্র লেখ।

১০. (ক) সারমর্ম লেখ :

১০

অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দেখে তারা;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই-প্রীতি নেই-করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।
যাদের গভীর আস্থা আছে আজও মানুষের প্রতি,
এখনো যাদের কাছে স্বাভাবিক বলে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।

অথবা, (খ) ভাব-সম্প্রসারণ কর:

প্রয়োজনে যে মরিতে প্রস্তুত বাঁচিবার অধিকার তাহারই।

১১. ক. কোচিং বাণিজ্য বিষয়ে দুজন শিক্ষার্থীর কথোপকথন রচনা কর।

অথবা, খ. নিম্নোক্ত উদ্দীপক অনুসরণে 'নিঃসঙ্গ জীবন' বিষয়ে একটি ক্ষুদ্রে গল্প রচনা কর :

তিন বেডের বাসায় একা থাকেন ডা. বুমানা...

১২. যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর:

২০

(ক) দ্রব্যমূল্যের বৃদ্ধি ও তার প্রতিকার;

(খ) স্বদেশপ্রেম;

(গ) তথ্যপ্রযুক্তি ও বাংলাদেশ;

(ঘ) সমাজ-উন্নয়নে ছাত্রসমাজের ভূমিকা;

(ঙ) ক্রিকেটে বাংলাদেশে।